**AKASHVANI KOLKATA**
**Regional News Unit**

**Date: 27.05.2026** **Time: 1.30 AM**

**<u>বিশেষ বিশেষ খবরঃ–</u>**

১। বিহারে ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন -SIR নিয়ে নির্বাচন কমিশনের সিদ্ধান্তকে সুপ্রীম কোর্ট বহাল রেখেছে।

২। দেশের বিভিন্ন স্থানে প্রবল দাবদাহের প্রেক্ষিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নাগরিকদের সাবধানতা অবলম্বনের পরামর্শ দিয়েছেন।

৩। দেশে এখনও পর্যন্ত কোনো ইবোলা ভাইরাস সংক্রমণের ঘটনা ঘটেনি বলে, সরকার জানিয়েছে। **#** রাশিয়ায় ইবোলা ভাইরাসের ভ্যাকসিন আবিষ্কার।

৪। দক্ষিণ লেবাননে ইজরায়েলী বিমান হামলায় কমপক্ষে ৩১ জন নিহত এবং ৪০ জন আহত হয়েছেন। **#** গাজায় হামাসের নতুন প্রধান মহাম্মদ ওদেহ ইজরায়েলের হামলায় নিহত।

৫। আইপিএলে আজ নিউ চন্ডিগড়ে এলিমিনেটর বা ছাঁটাই পর্বের ম্যাচে সানরাইজার্স হায়দ্রাবাদ, রাজস্থান রয়্যালস এর বিরুদ্ধে খেলবে। খেলা শুরু সন্ধ্যা সাড়ে সাতটায়।

*********************************************************************

বিহারে ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন -SIR, নিয়ে নির্বাচন কমিশনের সিদ্ধান্তকে, সুপ্রীম কোর্ট বহাল রেখেছে। ভারতের প্রধান বিচারপতি সূর্যকান্ত ও বিচারপতি জয়মাল্য বাগচীর ডিভিশন বেঞ্চ, আজ তাদের রায়ে বলেছে, ভোটার তালিকায় সাধারণ সংশোধনের থেকে এর প্রক্রিয়া পৃথক হওয়ার জন্য, এটিকে বেআইনি বলা যাবে না। সুপ্রীম কোর্ট SIR-কে সম্পূর্ণভাবে আইনসম্মত এবং সাংবিধানিক বলে অভিহিত করেছে। আদালত বলেছে, ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনের সাংবিধানিক ক্ষমতা নির্বাচন কমিশনের রয়েছে।

বিহারে ২০২৫-এর জুন মাসে ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনের বিজ্ঞপ্তিকে চ্যালেঞ্জ জানিয়ে যে রিট আবেদন জানানো হয়েছিল, তারই প্রেক্ষিতে আদালত বলেছে, অবাধ নির্বাচন নিশ্চিত করতে নির্বাচন কমিশন ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধন প্রক্রিয়া চালাতে পারে।

*********************************************************************

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ তাঁর সিকিম সফরের দ্বিতীয় দিনে, গ্যাংটকে সিকিম বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে যোগ দেবেন। সিকিমের রাজ্যপাল ওম প্রকাশ মাথুর এবং মুখ্যমন্ত্রী প্রেম সিং তামাংও এই অনুষ্ঠানে উপস্থিত থাকবেন। বিশ্ববিদ্যালয়ের ৩৩ টি বিভাগের জন্য ১৪ হাজার ছাত্র ছাত্রীকে ডিগ্রি প্রদান করবেন রাষ্ট্রপতি। পাশাপাশি মেধাবী পড়ুয়াদের হাতে সোনা ও রূপোর মেডেল তুলে দেওয়া হবে। খারাপ আবহাওয়ার জন্য আজ রাষ্ট্রপতির নাথুলা পাস যাত্রা বাতিল করা হয়েছে।

*************************************************************************

দেশের বিভিন্ন স্থানে প্রবল দাবদাহের প্রেক্ষিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, নাগরিকদের সাবধানতা অবলম্বনের পরামর্শ দিয়েছেন। এক সোশ্যাল মিডিয়া পোস্টে প্রধানমন্ত্রী সকলকে বেশি করে জলপান করতে এবং বাড়ির বাইরে বেরোলে জল নিয়ে বেরোনোর কথা বলেছেন। তিনি তৃষ্ণার্তদের জল দেওয়ার জন্য নাগরিকদের কাছে অনুরোধ জানিয়েছেন। প্রয়োজন না হলে প্রখর রোদে না বেরিয়ে বাড়িতে বিশ্রাম নেবার কথাও তিনি বলেছেন।

এছাড়াও, পশুপাখিদের জন্য বাড়ির বাইরে, ব্যালকনিতে, ছাদে এবং অফিস ও দোকানের পাশে ছোট পাত্রে জল রাখার কথাও বলেছেন শ্রী মোদী। আবহাওয়ার এই পরিস্থিতিতে তিনি সকলের কাছে সংবেদনশীল হয়ে কাজ করার পরামর্শও দিয়েছেন।

*************************************************************************

দেশবাসী প্রাক্তন প্রধানমন্ত্রী পন্ডিত জওহরলাল নেহেরুর ৬৩ তম প্রয়াণ দিবসে সশ্রদ্ধ চিত্তে তাঁকে স্মরণ করছে। ইংরেজ শাসনের কবল থেকে দেশকে মুক্ত করতে জহরলাল নেহেরু যোগ দিয়েছিলেন স্বাধীনতা আন্দোলনে। স্বাধীন ভারতে নেহেরু প্রথম প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্বভার গ্রহণ করেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা জওহরলাল নেহেরুর প্রয়ানবার্ষিকীতে তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করেছে।

*************************************************************************

কেন্দ্রীয় বাণিজ্য ও শিল্পমন্ত্রী পীযূষ গোয়েল কানাডার বিদেশমন্ত্রী মনিন্দর সীধুর সঙ্গে 'কানাডা-ভারত বিনিয়োগ সংক্রান্ত গোলটেবিল বৈঠক'-এ যৌথভাবে সভাপতিত্ব করেন।

শ্রী গোয়েল জানান, তিনি কানাডার শীর্ষ পেনশন তহবিলসমূহ, সার্বভৌম ও প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারী, কানাডা- ইন্ডিয়া ব্যবসায়িক পর্ষদ এর সদস্য এবং অন্যান্য অংশীদারদের সঙ্গে বিস্তারিত আলোচনা করেছেন।

সামাজিক মাধ্যমে এক বার্তায় তিনি বলেন, পরিকাঠামো উন্নয়ন, আর্থিক ক্ষেত্রের সংস্কার এবং ব্যবসা পরিচালনার সুবিধা বৃদ্ধিতে ভারত সরকারের উদ্যোগ আন্তর্জাতিক বিনিয়োগকারীদের জন্য অভূতপূর্ব সুযোগ সৃষ্টি করছে।

তিনি পরিচ্ছন্ন জ্বালানি, প্রযুক্তি, ডিজিটাল পরিকাঠামো, কৃত্রিম মেধা, উৎপাদন শিল্প এবং সরবরাহ শৃঙ্খলের বৈচিত্র্যকরণের মতো ক্ষেত্রে ভারতের সঙ্গে অংশীদারিত্ব গড়ে তোলার আহ্বান জানান। এছাড়াও, দুই দেশের টেকসই উন্নয়ন এবং পারস্পরিক সমৃদ্ধির লক্ষ্যে আর্থিক বাজারে সহযোগিতা আরও সুদৃঢ় করার উপায় নিয়েও আলোচনা করেন শ্রী গয়াল।

**************************************************************************

রাশিয়ার বিজ্ঞানীরা ইবোলা ভাইরাসের নতুন টিকা তৈরি করেছে। রাশিয়ার স্বাস্থ্য মন্ত্রী মিখাইল মুরাশকো এই টিকার কথা ঘোষণা করেছে। বিজ্ঞানীরা জানিয়েছেন, এই টিকা কঙ্গোয় ছড়িয়ে পড়া ইবোলার বুন্দিবুগিও ভাইরাসকে মোকাবিলা করতে পারে। বিশ্ব স্বাস্থ্য সংস্থা ইতমধ্যেই কঙ্গো ও উগান্ডায় ইবোলার প্রাদুর্ভাব নিয়ে জনস্বাস্থ্য জরুরি অবস্থা জারি করেছে। কেন্দ্রীয় সরকার জানিয়েছে, দেশে এখন পর্যন্ত কোনো ইবোলা ভাইরাসের সংক্রমণের ঘটনা ঘটেনি।

**************************************************************************

আজকের প্রসঙ্গের এবারের বিষয় ' তীব্র গরমে সুস্থ থাকুন, আয়ুর্বেদ উপচারে' । আয়ুর্বেদ বিশেষজ্ঞ এবং অখিল ভারতীয় আয়ুর্বেদ মহাসম্মেলনের রাজ্য সভাপতি ডাঃ সুমিত সুরের সঙ্গে কথা বলেছেন দিব্য দে। আজ শুনবেন প্রথম পর্ব।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত সাড়ে ৯টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

**************************************************************************

দক্ষিণ লেবাননে ইজরায়েলী বিমান হামলায় কমপক্ষে ৩১ জন নিহত এবং ৪০ জন আহত হয়েছেন। লেবাননের জনস্বাস্থ্য মন্ত্রক জানিয়েছে, গতকাল সেদেশের বেশ কয়েকটি শহর ও গ্রামে ইজরায়েলি জঙ্গি বিমান থেকে বোমা বর্ষণ করা হয়। এর মধ্যে দক্ষিণাঞ্চলের টায়ার শহরেরে বুর্জ এল সেমালি এলাকায় বোমাবর্ষণে ১৪ জন নিহত এবং ১৬ জন আহত হন। এছাড়া, কৌথারিয়া এল সিয়াদে ৫ জন নিহত এবং ৬ জন আহত হন। এখনও পর্যন্ত ইজরায়েলী সামরিক বাহিনীর পক্ষ থেকে এই হামলার দায় স্বীকার করা হয়নি। তবে, ইজরায়েল জানিয়েছে, লেবাননে হেজবোল্লার ঘাঁটি এবং পরিকাঠামো লক্ষ্য করে তারা হামলা চালাবে। ১৬ ই এপ্রিল মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যস্থতায় ইজরায়েল ও হেজবোল্লার মধ্যে যে যুদ্ধবিরিতি হয়েছিল এবং তারপর এর মেয়াদ আরো ৪৫ দিন বাড়ানো সত্ত্বেও এই হামলা চালানো হয়েছে বলে, জানানো হয়েছে।

**************************************************************************

গাজায় হামাসের সামরিক শাখার নতুন প্রধান মহাম্মদ অদেহে ইসরায়েলের হামলায় নিহত হয়েছেন বলে ইসরায়েলের সেনাবাহিনী জানিয়েছেন। ইসরায়েলের প্রধান মন্ত্রির দপ্তরের তরফে এক যৌথ বিবৃতিতে বলা হয়েছে, প্রধান মন্ত্রি বেঞ্জামিন নেতানিয়াহু এবং প্রতিরক্ষা মন্ত্রি ইসরায়েল কাটজের আদেশেই এই হামলা

চালানো হয়। ২০২৩ এর ৭ই অক্টোবর ইসরায়েল ওপর হামলার মূল চক্রান্তকারী ছিল অদেহে তার বিরুদ্ধে ইসরায়েলের নাগরিকদের অপহরণ ও হত্যার অভিযোগ রয়েছে।

*************************************************************************

পশ্চিমবঙ্গে জনগণনা প্রক্রিয়ার অঙ্গ হিসেবে রাজ্য সরকার, সেন্সাস অফিসার নিয়োগ করেছে। রাজ্যের স্বরাষ্ট্র ও পার্বত্য বিষয়ক দফতরের সেনসাস সেলের তরফে প্রকাশিত দুই পৃথক বিজ্ঞপ্তিতে জেলা থেকে পুরসভা স্তর পর্যন্ত একাধিক আধিকারিককে জনগণনার দায়িত্ব দেওয়া হয়েছে।

বিজ্ঞপ্তি অনুযায়ী, ডিভিশনাল কমিশনারদের "ডিভিশনাল সেনসাস অফিসার", জেলাশাসকদের "প্রিন্সিপাল সেনসাস অফিসার" এবং বিডিওদের "চার্জ সেনসাস অফিসার" হিসেবে নিয়োগ করা হয়েছে। পাশাপাশি জনগণনার কাজে যুক্ত করা হয়েছে অতিরিক্ত জেলাশাসক, মহকুমাশাসক এবং অন্যান্য প্রশাসনিক আধিকারিকদেরও।

অন্য একটি বিজ্ঞপ্তিতে পুরসভা ও কর্পোরেশন স্তরেও সেনসাস অফিসার নিয়োগের কথা জানানো হয়েছে। সেখানে পুর কমিশনার, এক্সিকিউটিভ অফিসার, বোরো অফিসারদের বিভিন্ন স্তরে নিয়োগ করা হয়েছে।

জনগণনার কাজে বাধা দিলে বা নির্ধারিত দায়িত্ব পালন না করলে ১৯৪৮-এর জনগণনা আইন অনুযায়ী এক হাজার টাকা পর্যন্ত জরিমানা অথবা তিন বছর পর্যন্ত কারাদন্ডের বিধান রয়েছে।

*************************************************************************

বিদেশমন্ত্রী ডক্টর এস জয়শঙ্কর নতুন দিল্লীতে গতকাল অস্ট্রেলিয়ার বিদেশমন্ত্রী পেনি ওং-এর সঙ্গে ১৭ তম "ফরেন মিনিস্টার্স ফ্রেমওয়ার্ক ডায়ালগ"-এ যৌথভাবে সভাপতিত্ব করেন। ডক্টর জয়শঙ্কর বলেন, ভারত প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল, পশ্চিম এশিয়ার পরিস্থিতি এবং অন্যান্য আঞ্চলিক, আন্তর্জাতিক এবং বহুপাক্ষিক বিষয়ে তাদের কথা হয়েছে। দুদেশের মধ্যে সুসংহত কৌশলগত অংশীদারিত্ব চুক্তির অগ্রগতি নিয়েও মত বিনিময় করেছেন তাঁরা। পারমাণবিক শক্তির জন্য ইউরেনিয়াম সরবরাহ, জ্বালানী ক্ষেত্রে সহযোগিতা বৃদ্ধি সহ একাধিক বিষয়ে আলোচনা হয়েছে।

*************************************************************************

ব্যাডমিন্টনে, দুবারের অলিম্পিক পদকজয়ী ভারতের পি ভি সিন্ধু এবং পুরুষদের ডাবলসে সাত্ত্বিক সাইরাজ রানকিরেড্ডি ও চিরাগ শেট্টি জুটি সিঙ্গাপুর ওপেন ব্যাডমিন্টন প্রতিযোগিতার প্রাক কোয়ার্টার ফাইনালে উঠেছেন।

মহিলাদের সিঙ্গলসে সিন্ধু, ইন্দোনেশিয়ার পুত্রি কুসুমা ওয়ারডানি-কে ২১-১৭, ২১-১৮ গেমে পরাজিত করেন। আগামীকাল শেষ ষোলোয় তাঁর প্রতিপক্ষ জাপানের রিকো গুঞ্জি।

পুরুষদের ডাবলসে সাত্ত্বিক ও চিরাগ, আমেরিকার প্রেসলে স্মি এবং চেন ঝি ই জুটিকে ২৬-২৮, ২১-১৫, ২১-১৩ ফলে হারিয়েছেন। আগামীকাল প্রি-কোয়ার্টার ফাইনালে তাঁরা মুখোমুখি হবেন তাইওয়ানের লি ঝে হুই ও ইয়াং পো হান জুটির।

এদিকে, ভারতের লক্ষ্য সেন, কিদাম্বি শ্রীকান্ত, এইচ এস প্রাণয় এবং মালবিকা বানসোদ আজ তাদের অভিযান শুরু করবেন। এছাড়াও, মহিলা ডাবলস জুটি শ্বেতা পাণ্ডা ও ঋতুপর্ণা পাণ্ডা এবং মিক্সড ডাবলসে তানিশা কাস্ত্রো ও ধ্রুভ কাপিলা আজ তাঁদের প্রথম ম্যাচ খেলবেন।

***********************************************************************

আইপিএলে আজ নিউ চন্ডিগড়ে ছাঁটাই পর্বের ম্যাচে সানরাইজার্স হায়দ্রাবাদ, রাজস্থান রয়্যালস এর বিরুদ্ধে খেলবে। খেলা শুরু সন্ধ্যা সাড়ে সাতটায়। এই ম্যাচের জয়ী দল শুক্রবার দ্বিতীয় কোয়ালিফায়ার ম্যাচে গুজরাট টাইটানস এর মুখোমুখি হবে। আজকের ম্যাচের পরাজিত দল টুর্নামেন্ট থেকে বিদায় নেবে।

আইপিএল ক্রিকেটের প্লে অফের প্রথম কোয়ালিফায়ার ম্যাচে গুজরাট টাইটানসকে ৯২ রানে পরাজিত করেছে রয়াল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালুরু।

***********************************************************************